যায়যায়দিন

তারিখ . 26 . JAN . 2009
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২

# চবিতে সিট বাতিলের বিরুদ্ধে শিবিরের আন্দোলনের হুমকি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদদাতা

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে কোনো আবাসিক ছাত্রের সিট বাতিল করা হলে কঠোর আন্দোলনের হুমকি দিয়েছে, ইসলামী ছাত্রশিবির। সংগঠনটির নেতারা বর্তমান পরিবেশ পর্ষদের গৃহীত বিভিন্ন সিদ্ধান্তকে হঠকারী ও একপেশে বলে অভিযোগ করেছেন।

গতকাল চট্টগ্রাম প্রেসক্লাবে বিশ্ববিদ্যালয়ের বর্তমান পরিস্থিতি নিয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে চবি শিবির নেতারা বলেন, বিশ্ববিদ্যালয়ের বর্তমান প্রশাসন সরকারদলীয় ছাত্র সংগঠনের চাপের মুখে বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় পরিবেশ পর্ষদ গঠন করেছে। এ পর্ষদ সাধারণ শিক্ষার্থীদের পরিবর্তে ছাত্রলীগের এজেন্ডা বাস্তবায়নে তৎপর।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পেশ করেন চবি ছাত্রশিবিরের সভাপতি মুহাম্মদ জাকির হোসাইন। এ সময় উপস্থিত ছিলেন চবি ছাত্রশিবিরের সাবেক সভাপতি আহমদ শিহাব উল্লাহ ও সেক্রেটারি আরিফ মাইনুদ্দীন, চট্টগ্রাম মহানগরী উত্তরের সভাপতি কলিমুল্লাহ, শিবিরের চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সেক্রেটারি শামসুদ্দিন আহমদসহ বিভিন্ন হলের নেতারা।